গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস।
www.dmlc.gov.bd

নং- ২৩.২২.০০০০.০১৮.০৯৫.১৮০.২৩- ৫৯

তারিখ: ০২ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: **ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ২০২৪ সালের প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের ছুটির তালিকা ও বর্ষপঞ্জি প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ২০২৪ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও বর্ষপঞ্জি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। উক্ত ছুটির তালিকা ও বর্ষপঞ্জি ওয়েবসাইট থেকে সংগ্রহপূর্বক অনুসরণ করার জন্য প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/০১/২০২৪
(ফারহানা তারান্নুম মাসুদ)
সহকারী পরিচালক (শিক্ষা)
ফোন: ৮৭১৫৬৯৭
E-mail: eduof@dmlc.gov.bd

**ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার/সেনানিবাস সচিব**
ঢাকা/চট্টগ্রাম/যশোর/কুমিল্লা/গাজীপুর/বগুড়া/রংপুর/সৈয়দপুর/
সাভার/শহীদ সালাহ্উদ্দিন সেনানিবাস, ঘাটাইল/মোমেনশাহী/
রাজশাহী/কাদিরাবাদ/জাহানাবাদ/জালালাবাদ সেনানিবাস।

**অনুলিপি (জ্ঞাতার্থে):-**

১। প্রধান শিক্ষক..............................................................................সেনানিবাস।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী --------- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। অফিস কপি

E:\NAHID\সহায়ক পাঠ্যপুস্তক ও সিলেবাস\চিঠি.doc

# ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলসমূহের জন্য ছুটির তালিকা ও বর্ষপঞ্জি

## শিক্ষাবর্ষ-২০২৪

## ১ম পর্ব

## ধারাবাহিক মূল্যায়ন/ষান্মাসিক,সামষ্টিক মূল্যায়ন/অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষার কার্যক্রম

## (০১ জানুয়ারি, ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৪)

## (১৭ পৌষ, ১৪৩০ থেকে ১৬ জ্যৈষ্ঠ, ১৪৩১)

| ক্র নং | কার্যাবলি ও ছুটির বিবরণ | তারিখ ও মাস, খ্রিস্টাব্দ | দিনের নাম | তারিখ ও মাস, বঙ্গাব্দ | শুক্রবার ও শনিবার ব্যতীত ছুটির সংখ্যা(দিন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২০২৪ শিক্ষাবর্ষের শ্রেণি কার্যক্রম শুরু ও শিক্ষার্থীদের মাঝে পাঠ্যপুস্তক বিতরণ। | ০১ জানুয়ারি, ২০২৪ | সোমবার | ১৭ পৌষ, ১৪৩০ | ০০ | কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক তারিখ পরিবর্তন যোগ্য |
| ২. | * পবিত্র শব-ই-মিরাজ | ০৯ ফেব্রুয়ারি, ২০২৪ | শুক্রবার | ২৬ মাঘ, ১৪৩০ | ০০ | |
| ৩. | শ্রী শ্রী সরস্বতী পূজা | ১৪ ফেব্রুয়ারি, ২০২৪ | বুধবার | ০১ ফাল্গুন, ১৪৩০ | ০১ | |
| ৪. | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, ২০২৪ | বুধবার | ০৮ ফাল্গুন, ১৪৩০ | ০১ | যথাযোগ্য মর্যাদায় পালন |
| ৫. | * মাঘী পূর্ণিমা | ২৩ ফেব্রুয়ারি, ২০২৪ | শুক্রবার | ১০ ফাল্গুন, ১৪৩০ | ০০ | |
| ৬. | * পবিত্র শব-ই-বরাত | ২৬ ফেব্রুয়ারি, ২০২৪ | সোমবার | ১৩ ফাল্গুন, ১৪৩০ | ০১ | |
| ৭. | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ০৮ মার্চ, ২০২৪ | শুক্রবার | ২৪ ফাল্গুন, ১৪৩০ | ০০ | |
| ৮. | * পবিত্র রমজান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস(১৭ মার্চ),শুভ দোলযাত্রা(২৫ মার্চ), স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), ইস্টার সানডে (৩১ মার্চ),*জুমাতুল বিদা (০৫ এপ্রিল), শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের আবির্ভব (০৬ এপ্রিল) *শব-ই-ক্বদর (০৭ এপ্রিল), *পবিত্র ঈদ-উল-ফিতর (১১ এপ্রিল), বৈসাবি (১২ এপ্রিল), চৈত্র সংক্রান্তি (১৩ এপ্রিল), বাংলা নববর্ষ (১৪ এপ্রিল) | ১১ মার্চ, ২০২৪ থেকে ১৮ এপ্রিল, ২০২৪ | সোমবার থেকে বৃহস্পতিবার | ২৭ ফাল্গুন, ১৪৩০ থেকে ০৫ বৈশাখ, ১৪৩১ | ২৯ | ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন |
| ৯. | ধারাবাহিক মূল্যায়ন (১ম-৩য় শ্রেণি)<br>১ম মাসিক পরীক্ষা(৪র্থ-৫ম)<br>১ম সাময়িক পরীক্ষা(১০ম শ্রেণি)[১২ কার্যদিবস]মাউশি নির্দেশিত কার্যক্রম(৬ষ্ঠ-৯ম) | ২২ এপ্রিল, ২০২৪ থেকে ৩০ এপ্রিল, ২০২৪ | সোমবার থেকে মঙ্গলবার | ০৯ বৈশাখ, ১৪৩১ থেকে ১৭ বৈশাখ, ১৪৩১ | ০০ | |
| ১০. | মে দিবস | ০১ মে, ২০২৪ | বুধবার | ১৮ বৈশাখ, ১৪৩১ | ০১ | |
| ১১. | *বুদ্ধপূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা) | ২২ মে, ২০২৪ | বুধবার | ০৮ জ্যৈষ্ঠ, ১৪৩১ | ০১ | |
| ১২. | ধারাবাহিক মূল্যায়ন/ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন/ অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষা | ২৩ মে, ২০২৪ থেকে ০৯ জুন, ২০২৪ | বৃহস্পতিবার থেকে রবিবার | ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩১ থেকে ২৬ জ্যৈষ্ঠ, ১৪৩১ | ০০ | |
| ১৩. | ২য় পর্বের শ্রেণি কার্যক্রম শুরু | ১০ জুন, ২০২৪ | সোমবার | ২৭ জ্যৈষ্ট, ১৪৩১ | ০০ | |
| ১৪. | * পবিত্র ঈদ-উল-আযহা(১৬, ১৭ ও ১৮ জুন) ও গ্রীষ্মকালীন অবকাশ | ১৩ জুন, ২০২৪ থেকে ০২ জুলাই, ২০২৪ | বৃহস্পতিবার থেকে মঙ্গলবার | ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১ থেকে ১৮ আষাঢ়, ১৪৩১ | ১৪ | |
| ১৫. | অভিভাবক দিবস (শিশু থেকে ১০ম শ্রেণি পর্যন্ত) | ০৭ জুলাই, ২০২৪ | রবিবার | ২৩ আষাঢ়, ১৪৩১ | ০০ | |
| ১৬. | * হিজরি নববর্ষ | ০৮ জুলাই, ২০২৪ | সোমবার | ২৪ আষাঢ়, ১৪৩১ | ০১ | |
| ১৭. | ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন/ অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষার ফলাফল প্রকাশ ও প্রগতিপত্র প্রদান | ১০ জুলাই, ২০২৪ | বুধবার | ২৬ আষাঢ়, ১৪৩১ | ০০ | |
| ১৮. | * পবিত্র আশুরা | ১৭ জুলাই, ২০২৪ | বুধবার | ০২ শ্রাবণ, ১৪৩১ | ০১ | |
| ১৯. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, ২০২৪ | বৃহস্পতিবার | ৩১ শ্রাবণ, ১৪৩১ | ০১ | যথাযোগ্য মর্যাদায় পালন |
| ২০. | শুভ জন্মাষ্টমী | ২৬ আগস্ট, ২০২৪ | সোমবার | ১১ ভাদ্র, ১৪৩১ | ০১ | |
| ২১. | * আখেরি চাহার সোম্বা | ০৪ সেপ্টেম্বর. ২০২৪ | বুধবার | ২০ ভাদ্র, ১৪৩১ | ০১ | |
| ২২. | ধারাবাহিক মূল্যায়ন (১ম-৩য় শ্রেণি)<br>১ম মাসিক পরীক্ষা(৪র্থ-৫ম)<br>মাউশি নির্দেশিত কার্যক্রম(৬ষ্ঠ-৯ম) | ০৮ সেপ্টেম্বর ২০২৪ থেকে ১৫ সেপ্টেম্বর, ২০২৪ | বুধবার থেকে রবিবার | ২৪ ভাদ্র, ১৪৩১ থেকে ৩১ ভাদ্র, ১৪৩১ | ০০ | |
| ২৩. | * ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) | ১৬ সেপ্টেম্বর, ২০২৪ | সোমবার | ০১ আশ্বিন, ১৪৩১ | ০১ | |
| ২৪. | শ্রী শ্রী দুর্গা পূজা(বিজয়া দশমী ১৩ অক্টোবর),<br>*পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম (১৫ অক্টোবর),<br>*শ্রী শ্রী লক্ষীপূজা (১৬ অক্টোবর),<br>*প্রবারণা পূর্ণিমা (১৬ অক্টোবর) | ০৯ অক্টোবর, ২০২৪ থেকে ১৭ অক্টোবর, ২০২৪ | বুধবার থেকে বৃহস্পতিবার | ২৪ আশ্বিন, ১৪৩১ থেকে০১ কার্তিক, ১৪৩১ | ০৭ | |
| ২৫. | শেখ রাসেল দিবস | ১৮ অক্টোবর, ২০২৪ | শুক্রবার | ০২ কার্তিক, ১৪৩১ | ০০ | যথাযোগ্য মর্যাদায় পালন |
| ২৬. | ১০ম শ্রেণির নির্বাচনি পরীক্ষা | ২০ অক্টোবর ২০২৪ | রবিবার থেকে | ০৪ কার্তিক, ১৪৩১ | ০০ | |

| ক্র নং | কার্যাবলি ও ছুটির বিবরণ | তারিখ ও মাস, খ্রিস্টাব্দ | দিনের নাম | তারিখ ও মাস, বঙ্গাব্দ | শুক্রবার ও শনিবার ব্যতীত ছুটির সংখ্যা(দিন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | থেকে ০৫ নভেম্বর, ২০২৪ | মঙ্গলবার | থেকে ২০ কার্তিক, ১৪৩১ | | |
| ২৭. | শ্রী-শ্রী-শ্যামাপূজা | ৩১ অক্টোবর, ২০২৪ | বৃহস্পতিবার | ১৫ কার্তিক, ১৪৩১ | ০১ | |
| ২৮. | নির্বাচনি পরীক্ষার ফলাফল প্রকাশ | ১০ নভেম্বর, ২০২৪ | রবিবার | ২৫ কার্তিক, ১৪৩১ | ০০ | |
| ২৯. | ধারাবাহিক মূল্যায়ন/বার্ষিক সামষ্টিক মূল্যায়ন/বার্ষিক পরীক্ষা | ২০ নভেম্বর, ২০২৪ থেকে ০৮ ডিসেম্বর, ২০২৪ | বুধবার থেকে রবিবার | ০৫ অগ্রহায়ণ, ১৪৩১ থেকে২৩ অগ্রহায়ণ, ১৪৩১ | ০০ | |
| ৩০. | সশস্ত্র বাহিনী দিবস | ২১ নভেম্বর, ২০২৪ | বৃহস্পতিবার | ০৬ অগ্রহায়ণ, ১৪৩১ | ০০ | যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত সাপেক্ষে উদযাপন |
| ৩১. | শীতকালীন অবকাশ,<br>বিজয় দিবস(১৬ ডিসেম্বর) এবং<br>যিশু খ্রিস্টের জন্মদিন(বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১২ ডিসেম্বর, ২০২৪ থেকে ২৬ ডিসেম্বর, ২০২৪ | বৃহস্পতিবার থেকে বৃহস্পতিবার | ২৭ অগ্রহায়ণ, ১৪৩১ থেকে ১১ পৌষ, ১৪৩১ | ১১ | বিজয় দিবস ১৬ ডিসেম্বর যথাযোগ্য মর্যাদায় উদযাপন |
| ৩২. | ধারাবাহিক মূল্যায়ন/বার্ষিক সামষ্টিক মূল্যায়ন/বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ | ৩০ ডিসেম্বর, ২০২৪ | সোমবার | ১৫ পৌষ, ১৪৩১ | ০০ | |
| ৩৩. | প্রধান শিক্ষকের সংরক্ষিত ছুটি | -- | -- | -- | ০৩ | |
| ৩৪. | | | | মোট = | | |

## ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলসমূহের কার্যদিবস ও ছুটির পরিসংখ্যান-২০২৪

| পর্ব | সময়কাল | মোট দিবস | (শুক্রবার ও শনিবার) | ছুটি (শুক্র ও শনিবার বাদে) | মোট কার্যদিবস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ম পর্ব | ০১ জানুয়ারি, ২০২৪ থেকে ০৯ জুন, ২০২৪ পর্যন্ত | ১৬১ দিন | ৪৬ দিন | ৩৪ দিন | ৮১ দিন | |
| ২য় পর্ব | ১০ জুন, ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত | ২০৫ দিন | ৫৮ দিন | ৪২ দিন | ১০৫ দিন | |
| মোট | ০১ জানুয়ারি, ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত | ৩৬৬দিন | ১০৪ দিন | ৭৬ দিন | ১৮৬ দিন | |

১। শিক্ষাবর্ষের ব্যাপ্তিকাল ০১ জানুয়ারি, ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত।

২। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগতমান বৃদ্ধিকল্পে উল্লিখিত মূল্যায়ন/পরীক্ষার সময়সূচি মোতাবেক ধারাবাহিক মূল্যায়ন/ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন/অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি, নির্বাচনি ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন/বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করবে এবং মূল্যায়নের কাগজপত্র ও বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ০১ বছর সংরক্ষণ করতে হবে। প্রতিটি মূল্যায়ন/পরীক্ষার সময়কাল ১০/১২ কর্মদিবসের বেশি হবে না।

৩। স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই অন্য কোনো উৎস থেকে প্রশ্নপত্র সংগ্রহ করে বা ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না। একই ক্যান্টনমেন্ট বোর্ডের অধীনে একাধিক বিদ্যালয় থাকলে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা নিতে হবে।

৪। মূল্যায়ন/পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে মূল্যায়ন/পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫। প্রত্যেক সাময়িক পরীক্ষার পূর্বে প্রতি বিষয়ে/পত্রে ২০ নম্বরের (সৃজনশীল) একটি মাসিক পরীক্ষা নিতে হবে। যে সকল বিষয়ের পূর্ণমান ৫০ নম্বর সে সকল বিষয়ে ২০ নম্বরের মাসিক পরীক্ষা গ্রহণ করে তার ৫০% নম্বর রিপোর্ট কার্ডে উঠাতে হবে। অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে শতকরা ৮০ নম্বরে রূপান্তর করে তার সাথে মাসিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে যোগফলকে ২ দ্বারা ভাগ করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করতে হবে। উল্লেখ্য যে, চতুর্থ থেকে পঞ্চম শ্রেণির ক্ষেত্রে ৪০% এবং ১০ম শ্রেণির ক্ষেত্রে ৩৩% নম্বর পেলে তাকে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ১০ম শ্রেণির ক্ষেত্রে বহুনির্বাচনি, সৃজনশীল ও ব্যবহারিক পরীক্ষায় আলাদাভাবে পাশ করতে হবে। ১ম থেকে ৩য় শ্রেণির ধারাবাহিক মূল্যায়ন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির মূল্যায়ন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (এনসিটিবি) থেকে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী করা হবে।

৬। সাপ্তাহিক ছুটি(শুক্রবার ও শনিবার) ব্যতীত বছরে মোট ৭৬ দিন ছুটি থাকবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে সে সকল দিন উক্ত ৭৬ দিনের অন্তর্ভুক্ত হবে।

৭। কোনো সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৮। বিভিন্ন খেলাধুলা, বার্ষিক ক্রীড়া, শিক্ষা সফর, বার্ষিক মিলাদ মাহফিল, বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান, ক্লাস পার্টি ইত্যাদি স্ব-স্ব প্রতিষ্ঠান তাদের সুবিধাজনক সময়ে স্থানীয় কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে করতে পারবে।

৯। দুর্বল শিক্ষার্থীদের রিপোর্ট কার্ড অভিভাবকের নিকট অঙ্গীকারনামা গ্রহণপূর্বক হস্তান্তর করা হবে।

১০। ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখা যাবে।

১১। ভর্তি পরীক্ষা পরিচালনার প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখা যাবে।

১২। এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১৩। প্রত্যেক বিদ্যালয়ে দৈনিক পাঠের বিবরণী নামে ডায়েরি ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিলি করতে হবে। এ ডায়েরিতে ছাত্র/ছাত্রী পরিচিতি, অভিভাবকের প্রতি পরামর্শ, ছাত্র/ছাত্রীদের আচরণ বিধি, শিক্ষকদের নাম ও শিক্ষাগত যোগ্যতা, শুদ্ধাচার বিষয়ক ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরি নির্দেশাবলি, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন (এতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে) অন্তর্ভুক্ত থাকবে।

১৪। জাতীয় দিবস ও জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসসমূহ উদযাপন করতে হবে।

১৫। ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করতে হবে।

১৬। প্রতিটি বিদ্যালয়ে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ, প্রতিযোগিতার আয়োজন ও শিক্ষা সপ্তাহ পালন করতে হবে।

১৭। *ধর্মীয় ছুটির তারিখ এবং ব্যাপ্তি চাঁদ দেখা ও চন্দ্র তিথির উপর নির্ভরশীল এবং সরকারি সিদ্ধান্ত মোতাবেক পরিববর্তনযোগ্য।

১৮। ১ম থেকে ৩য় এবং ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির নতুন পাঠ্যক্রম ও অন্যান্য সকল শ্রেণির নতুন পাঠ্যক্রম সংক্রান্ত সকল কার্যাবলী পরিচালনার ক্ষেত্রে শিক্ষা বোর্ড/এনসিটিবি/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের নির্দেশ অনুসারে উপর্যুক্ত বর্ষপঞ্জিকা পরিবর্তনযোগ্য।

১৯। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/শিক্ষা বোর্ড/এনসিটিবি কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে।

অনুমোদিত

[signature] ২/১/২৪

মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।